**মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ**

# সুরক্ষার পাশাপাশি বিনিয়োগের নির্ভরযোগ্য ব্যবস্থাপনা
# বাড়াবে অধিক রিটার্নের সম্ভাবনা

- ভিন্ন ভিন্ন মেয়াদি পলিসি টার্ম থেকে দীর্ঘমেয়াদি আর্থিক সুরক্ষা বেছে নেওয়ার সুযোগ
- মেয়াদপূর্তিতে বা মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে, রিভার্সনারি ও টার্মিনাল বোনাস
- শেয়ার বাজার ভিত্তিক ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে অধিক রিটার্নের সম্ভাবনা



MetLife

জীবনের পথে চলি একসাথে

মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ

# সুরক্ষার পাশাপাশি বিনিয়োগের নির্ভরযোগ্য ব্যবস্থাপনা বাড়াবে অধিক রিটার্নের সম্ভাবনা

আর্থিক প্রবৃদ্ধি এবং বীমা সুরক্ষার অনন্য সমন্বয়ে তৈরি মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ পলিসিটির মাধ্যমে প্রথমবারের মতো মেটলাইফ নিয়ে এলো এমন একটি পলিসি, যেখানে আমাদের সম্মানিত গ্রাহকদের শেয়ার বাজারে ইনভেস্টমেন্ট-এর মাধ্যমে আর্থিক প্রবৃদ্ধি উপভোগ করার সম্ভাবনা আছে। একইসাথে বিনিয়োগ এবং বিনিয়োগ পরবর্তী সকল সিদ্ধান্ত প্রফেশনাল ফান্ড ম্যানেজার বহন করায় আপনি থাকবেন নিশ্চিন্ত। শেয়ার বাজার ভিত্তিক ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে তৈরি মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ পলিসিটি এমনভাবে সাজানো হয়েছে, যেন আপনি সম্ভাব্য অধিক মেয়াদপূর্তি মূল্য পেতে পারেন। এছাড়াও দীর্ঘমেয়াদি সুরক্ষা এবং মেয়াদপূর্তিতে রিভার্সনারি বোনাস এবং টার্মিনাল বোনাস-সহ অন্যান্য সুবিধা তো থাকছেই।

## এই পলিসিটি আপনার কেন প্রয়োজন?

কেমন হয়, যদি জীবনবীমা পলিসিতে সুরক্ষার পাশাপাশি অধিক মেয়াদপূর্তি মূল্য পাওয়ার সম্ভাবনা থাকে? মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ পলিসিতে এটি সম্ভব। মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ ফান্ডের একটি অংশ শেয়ার বাজারে বিনিয়োগ করার কারণে অধিক পরিমাণে মেয়াদপূর্তি মূল্য পাওয়ার সুযোগ রয়েছে। তাই আর্থিক প্রবৃদ্ধি এবং বীমা সুরক্ষার মাধ্যমে আপনার পরিবারের সুরক্ষিত ভবিষ্যৎ নিশ্চিত করতে বেছে নিন মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ পলিসি।

## এই পলিসির সুবিধাসমূহ

- ভিন্ন ভিন্ন মেয়াদি পলিসি টার্ম থেকে দীর্ঘমেয়াদি আর্থিক সুরক্ষা বেছে নেওয়ার সুযোগ
- মেয়াদপূর্তিতে বা মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে, রিভার্সনারি ও টার্মিনাল বোনাস
- শেয়ার বাজার ভিত্তিক ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে অধিক রিটার্নের সম্ভাবনা
- অন্যান্য সব জীবনবীমাগুলোর মতোই থাকছে প্রদত্ত প্রিমিয়ামসমূহে আয়কর রেয়াতের সুযোগ (বাংলাদেশের আয়কর আইনসমূহের উপর নির্ভরশীল)

## এক নজরে মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ পলিসি

| | |
|---|---|
| আবেদন করার বয়স | **সর্বনিম্ন** - ৩০ দিন, **সর্বোচ্চ** - ৫৫ বছর।<br>**(৩০ বছর মেয়াদি পলিসির ক্ষেত্রে সর্বোচ্চ ৫০ বছর)** |
| ফেস অ্যামাউন্ট | **সর্বনিম্ন:** ৩,০০,০০০ টাকা। |
| | **সর্বোচ্চ:** কোম্পানির আন্ডাররাইটিং নীতিমালা অনুসারে নির্ধারণযোগ্য। |
| বীমার মেয়াদ | ১৬-২০, ২৫ এবং ৩০ বছর। |
| প্রিমিয়াম প্রদানের ধরন | মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক এবং বার্ষিক। মাসিক প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে প্রিমিয়াম ২,৫০০ টাকা এর কম হলে ইএফটি ডেবিট প্রযোজ্য হবে। |
| বীমা নিরাপত্তাসমূহ | বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে, সুবিধাগ্রাহী ফেস অ্যামাউন্টের সাথে অর্জিত বোনাস/বোনাসসমূহ (কোম্পানি কর্তৃক ঘোষিত হয়ে থাকলে) পাবেন। |
| মেয়াদপূর্তি সুবিধা | এই পলিসির মেয়াদপূর্তিতে ফেস অ্যামাউন্ট ও অর্জিত বোনাস/বোনাসসমূহ (কোম্পানি কর্তৃক ঘোষিত হয়ে থাকলে) প্রদান করা হবে। |
| বোনাসসমূহ | **এই পলিসিতে দুই ধরনের বোনাস রয়েছে:** রিভার্সনারি বোনাস এবং টার্মিনাল বোনাস। পলিসির মেয়াদকালীন প্রতি বছরের রিভার্সনারি বোনাস (যদি ঘোষণা করা হয়ে থাকে) পলিসির মেয়াদপূর্তিতে বা বীমাকৃত ব্যক্তির (Insured) মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে প্রযোজ্য মেয়াদের জন্য প্রদান করা হবে। মেয়াদপূর্তির পূর্বে কোন কারণে পলিসি সারেন্ডার করলে রিভার্সনারি বোনাসের ক্যাশ ভ্যালু প্রদান করা হবে।<br><br>টার্মিনাল বোনাসের হার নির্ভর করে এই পলিসি চলাকালীন সময়ে বাজারে প্রচলিত বিনিয়োগলব্ধ হার, শেয়ার বাজারের পারফরম্যান্স এবং কোম্পানির নির্দিষ্ট ফান্ড (অংশগ্রহণকারী ফান্ড)-এর পারফরম্যান্স -এর উপর, যা পরিবর্তনশীল (বাড়তেও পারে , কমতেও পারে)।<br><br>উল্লিখিত বিষয়গুলো বিবেচনা সাপেক্ষে মেটলাইফ, প্রতি বছর টার্মিনাল বোনাসের হার ঘোষণা করবে। মেয়াদপূর্তিতে বা মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে, সর্বশেষ ঘোষণাকৃত বোনাস হার অনুযায়ী প্রযোজ্য মেয়াদের জন্য সর্বমোট টার্মিনাল বোনাস হিসাব করা হবে। উল্লেখ্য যে, শেয়ার বাজার ভিত্তিক ফান্ড ব্যবস্থাপনার কারণে, এই পলিসিতে অধিক মেয়াদপূর্তি মূল্যের সম্ভাবনা আছে। |

**শেয়ার বাজার ভিত্তিক ফান্ড ব্যবস্থাপনা:** মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ পলিসিতে একটি বড় পরিবর্তন আনা হয়েছে শেয়ার বাজার ভিত্তিক ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে। মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ ফান্ডের একটি অংশ শেয়ার বাজারে বিনিয়োগ করা হবে। শেয়ার বাজারে বিনিয়োগ করা এবং এ সংক্রান্ত পরবর্তী সকল সিদ্ধান্ত প্রফেশনাল ফান্ড ম্যানেজার গ্রহণ করবেন।

মেটলাইফ এনডাওমেন্ট – সিকিউর

# পরিবারের বর্তমান এবং ভবিষ্যতের আর্থিক সুরক্ষার নিশ্চয়তার জন্য

অদেখা ভবিষ্যতে কী আছে, তা কেউ বলতে পারে না। ভবিষ্যৎ আর্থিক সুরক্ষার জন্য সচেতনতার সাথে আর্থিক পরিকল্পনা করা জরুরি। আর তাই মেটলাইফ আপনার বর্তমান আর্থিক সুরক্ষা ও ভবিষ্যতের আর্থিক পরিকল্পনায় সহায়তা করতে মেটলাইফ এনডাওমেন্ট – সিকিউর পলিসি নিয়ে এসেছে। মেটলাইফ এনডাওমেন্ট – সিকিউর পলিসি হল এমন একটি বীমা চুক্তি, যা বীমাকারীর মৃত্যুতে ফেস অ্যামাউন্টসহ অর্জিত বোনাস অথবা পলিসির মেয়াদান্তে বোনাসসহ মেয়াদপূর্তি মূল্য প্রদানের জন্য সাজানো হয়েছে। এটি আপনার পরিবারের আর্থিক সুরক্ষার পাশাপাশি নিরাপদ ভবিষ্যতের জন্য সঞ্চয় পলিসি হিসাবে কাজ করে।

## এই পলিসিটি কেন আপনার প্রয়োজন?

তারুণ্য কখনোই ভবিষ্যৎ সুস্বাস্থ্য বা আয়ের নিশ্চয়তা দিতে পারে না। এই সমস্ত অনিশ্চয়তার মধ্যেও আপনার এবং আপনার পরিবার/ভবিষ্যৎ পরিবারের আর্থিক সুরক্ষা নিশ্চিত করা আপনার দায়িত্ব। অনিশ্চিত ভবিষ্যতের জন্য প্রস্তুত থাকতে সঞ্চয় এবং আর্থিক সুরক্ষার জন্য বেছে নিন এই পলিসিটি।

## এই পলিসিতে কী কী বীমা নিরাপত্তা আছে?


- জীবনবীমা নিরাপত্তা
- মেয়াদপূর্তি মূল্য

## এক নজরে মেটলাইফ এনডাওমেন্ট - সিকিউর পলিসি

| | |
|---|---|
| আবেদন করার বয়স | **সর্বনিম্ন** - ৩০ দিন, **সর্বোচ্চ** - ৫৫ বছর<br>**(৩০ বছর মেয়াদি পলিসির ক্ষেত্রে সর্বোচ্চ ৫০ বছর)** |
| ফেস অ্যামাউন্ট | **সর্বনিম্ন:** ২,০০,০০০ টাকা। |
| | **সর্বোচ্চ:** কোম্পানির আন্ডাররাইটিং নীতিমালা অনুসারে নির্ধারণযোগ্য। |
| বীমার মেয়াদ | ১০-২০, ২৫ এবং ৩০ বছর। |
| প্রিমিয়াম প্রদানের ধরন | মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক এবং বার্ষিক। মাসিক প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে প্রিমিয়াম ২,৫০০ টাকা এর কম হলে ইএফটি ডেবিট প্রযোজ্য হবে। |
| বীমা নিরাপত্তাসমূহ | বীমাকৃত ব্যক্তির অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে, সুবিধাগ্রাহী ফেস অ্যামাউন্টের সাথে অর্জিত বোনাস/বোনাসসমূহ (কোম্পানি কর্তৃক ঘোষিত হয়ে থাকলে) পাবেন। |
| মেয়াদপূর্তি সুবিধা | এই পলিসির মেয়াদপূর্তিতে ফেস অ্যামাউন্ট ও অর্জিত বোনাস/বোনাসসমূহ (কোম্পানি কর্তৃক ঘোষিত হয়ে থাকলে) প্রদান করা হবে। |
| বোনাসসমূহ | এই পলিসিতে দুই ধরনের বোনাস রয়েছেঃ রিভার্সনারি বোনাস এবং টার্মিনাল বোনাস।<br><br>পলিসির মেয়াদকালীন প্রতি বছরের রিভার্সনারি বোনাস (যদি ঘোষণা করা হয়ে থাকে) পলিসির মেয়াদপূর্তিতে বা বীমাকৃত ব্যক্তির (Insured) মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে প্রযোজ্য মেয়াদের জন্য প্রদান করা হবে। পলিসিটি মেয়াদপূর্তির পূর্বে কোন কারণে সারেন্ডার করলে রিভার্সনারি বোনাসের ক্যাশ ভ্যালু প্রদান করা হবে।<br><br>টার্মিনাল বোনাসের হার নির্ভর করে এই পলিসি চলাকালীন সময়ে বাজারে প্রচলিত বিনিয়োগলব্ধ হার এবং কোম্পানির নির্দিষ্ট ফান্ড (অংশগ্রহণকারী ফান্ড)-এর পারফরম্যান্স-এর উপর, যা পরিবর্তনশীল। উল্লিখিত বিষয়গুলো বিবেচনা সাপেক্ষে মেটলাইফ প্রতি বছর টার্মিনাল বোনাসের হার ঘোষণা করবে। মেয়াদপূর্তিতে বা মৃত্যুজনিত বীমা দাবির ক্ষেত্রে, সর্বশেষ ঘোষণাকৃত বোনাস হার অনুযায়ী প্রযোজ্য মেয়াদের জন্য সর্বমোট টার্মিনাল বোনাস হিসাব করা হবে। |

# ২টি পলিসির ক্ষেত্রেই প্রযোজ্য কিছু তথ্য

## ভ্যালু অ্যাডেড সার্ভিসেস




### মেটলাইফ 360হেলথ অ্যাপ


এটি একটি পূর্ণাঙ্গ হেলথ সল্যুশন, যা গ্রাহকদেরকে স্বাস্থ্য-সুরক্ষা পরামর্শ থেকে শুরু করে, প্রাথমিক চেক-আপ, সহজ চিকিৎসা গ্রহণ, নিয়মিত পরামর্শ ও ফলো-আপ এবং আর্থিক সুরক্ষা, প্রতিটি ক্ষেত্রেই জীবনকে সহজ করার জন্য আছে আপনার হাতের মুঠোয়। অ্যাপটির কিছু ফ্রি সার্ভিসেস আপনি এখনই উপভোগ করতে পারবেন। ডাউনলোড করতে **QR** কোডটি স্ক্যান করুন-

*Available at Google Play Store

### মেডিক্যাল এবং ডায়াগনস্টিক সেবায় ছাড়

মেটলাইফ গ্রাহকগণ অসংখ্য হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার থেকে বিভিন্ন মেডিক্যাল এবং ডায়াগনস্টিক সেবা গ্রহণের সময় পাবেন সর্বোচ্চ ৪০% পর্যন্ত ছাড়। এই সুবিধার আওতাধীন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারসমূহের লিস্টটি দেখতে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন-

https://www.metlife.com.bd/support/life-card/life-card-discount-providers-list/







### আয়কর সুবিধা

এই পলিসিতে বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশের আইন অনুযায়ী আপনি প্রযোজ্য হারে ইনকাম ট্যাক্স রিবেইট বা রেয়াতের জন্য মনোনীত হবেন, যা সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। বিস্তারিত জানতে আপনি আপনার আয়কর উপদেষ্টার পরামর্শ নিন।

## আরও পাচ্ছেন

- ব্যাসিক ক্যাশ ভ্যালু, পেইড-আপ ভ্যালু, এবং এক্সটেন্ডেড টার্ম ইন্স্যুরেন্স ভ্যালু-এর গ্যারান্টি আছে
- প্রয়োজনে বিদ্যমান নেট ক্যাশ ভ্যালুর ৮৫% পর্যন্ত ঋণ নেওয়ার সুযোগ

## অনলাইন প্লাটফর্ম

অনলাইনেই পলিসি সম্পর্কিত যাবতীয় তথ্য জানতে ভিজিট করুন আমাদের ওয়েবসাইটের "মাই পলিসি" পোর্টালে (https://eclaims.metlife.com.bd/public/my-policy/#/) অথবা ডাউনলোড করুন 360হেলথ অ্যাপ, যেখানে পলিসির তথ্য, প্রিমিয়াম পেমেন্ট, ক্লেইম সাবমিশন এবং স্বাস্থ্য সম্পর্কিত সেবাসমূহ পাচ্ছেন হাতের মুঠোয়। অ্যাপটি এখনই ডাউনলোড করতে ভিজিট করুন এই লিংকে- https://metlifebd.online/360h.

## অতিরিক্ত ঐচ্ছিক রাইডারসমূহ

**ডব্লিউ পি*ঃ** দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে ছয় মাসের বেশি সময় শারীরিকভাবে পূর্ণাঙ্গ অক্ষম হয়ে গেলে পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ এবং পলিসি চলমান থাকবে।

**এইচ সি*ঃ** আপনি এবং আপনার পরিবার দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে হাসপাতালে ভর্তি হলে সাপ্তাহিক আর্থিক সুবিধা প্রদান।

**মেডিকেয়ারঃ** মেডিকেয়ারের আওতায় আপনি বা আপনার পরিবারের সদস্য যদি কোন অসুস্থতা বা দুর্ঘটনাজনিত কারণে হাসপাতালে ভর্তি হন, তবে দৈনিক ন্যূনতম ১,০০০ (এক হাজার) টাকা এবং সর্বোচ্চ ২০,০০০ (বিশ হাজার) টাকা পর্যন্ত পেতে পারেন।

**এ আই*ঃ** দুর্ঘটনাজনিত কারণে পূর্ণাঙ্গভাবে শারিরীক অক্ষমতা তৈরি হলে প্রতি ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ফেস অ্যামাউন্টের জন্য সাপ্তাহিক ৭৫০ টাকা প্রদান।

**সি সি*ঃ** বীমা নিরাপত্তার আওতাভুক্ত ২৫টি মারাত্মক রোগের কোনটি পরীক্ষার মাধ্যমে নির্ণীত হলে বা উক্ত অসুস্থতা/স্বাস্থ্যগত অবস্থার কারণে অস্ত্রোপচার প্রয়োজন হলে (যেক্ষেত্রে যা প্রযোজ্য) এককালীন অর্থ প্রদান।

**এ আই/এ এক্স*ঃ** দুর্ঘটনার কারণে অঙ্গহানি ঘটলে অভিহিত মূল্যের ২ গুন পর্যন্ত এককালীন অর্থ প্রদান এবং সাধারণ যাত্রী পরিবহণকারী যানবাহনে ভ্রমণরত অবস্থায় দুর্ঘটনার কারণে মৃত্যু হলে অভিহিত মূল্যের ২ গুণ পর্যন্ত অর্থ প্রদান।

**এডিবি*ঃ** দুর্ঘটনার কারণে মৃত্যু হলে ফেস অ্যামাউন্টের ২ গুণ পর্যন্ত অর্থ প্রদান। আপনার মূল বীমার সুবিধাদি অপরিবর্তিত রেখেই এই সকল অতিরিক্ত বীমা সুবিধাসমূহ প্রদান করা হবে।

*ডব্লিউ পি- ওয়েভার অফ প্রিমিয়াম *এ আই- অ্যাক্সিডেন্টাল ইনডেমনিটি *এডিবি- অ্যাক্সিডেন্টাল ডেথ বেনেফিট *এইচসি- হসপিটাল কেয়ার
*সি সি- ক্রিটিক্যাল কেয়ার *এ এক্স- লিমিটেড অ্যাক্সিডেন্ট ইন্স্যুরেন্স সার্টিফিকেট

## বীমার প্রচলিত পরিভাষাসমূহ

- **প্রিমিয়াম:** মৌলিক পলিসি বা সম্পূরক চুক্তির জন্য বীমাগ্রাহক কোম্পানিকে যে অর্থ প্রদান করে থাকেন, তাকে প্রিমিয়াম বলে

- **সুবিধাগ্রাহী:** বীমাগ্রাহক কর্তৃক মনোনীত ব্যক্তি, যিনি বীমাকৃত ব্যক্তির মৃত্যুতে জীবনবীমা নিরাপত্তার অর্থ গ্রহণ করবেন
- **সম্পূরক চুক্তি:** অতিরিক্ত বীমা পলিসি, যা মূল পলিসির সাথে প্যাকেজ হিসেবে বিক্রয় করা হয়। সম্পূরক চুক্তিকে রাইডারও বলা হয়। সম্পূরক চুক্তি/রাইডার পলিসির মেয়াদকালে বীমা সুরক্ষা দেয় এবং মেয়াদ শেষে কোনও মেয়াদপূর্তি মূল্য বা রিটার্ন সরবরাহ করে না
- **মেয়াদপূর্তি মূল্য:** মেয়াদপূর্তি মূল্য হল সেই পরিমাণ অর্থ, যা কোন দাবি না থাকা সাপেক্ষে পলিসি মেয়াদ সফলভাবে সম্পন্ন করার পর গ্রহণ করা হয়। সাধারণত পলিসির মূল ফেস অ্যামাউন্ট ও কোম্পানি ঘোষিত পলিসি বোনাসসমূহ (যদি ঘোষিত হয়)-এর সমন্বয়ে মেয়াদপূর্তি মূল্য গঠিত হয়
- **মৃত্যুজনিত আর্থিক সুরক্ষা:** জীবনবীমা পলিসির ক্ষেত্রে, কোনো বীমাগ্রহীতার অনাকাঙ্ক্ষিত মৃত্যুতে মনোনীত সুবিধাগ্রাহীকে প্রদেয় আর্থিক সুবিধাকে মৃত্যুজনিত আর্থিক সুরক্ষা বলে
- **পলিসি বোনাস:** বার্ষিক ভিত্তিতে কোম্পানি ঘোষিত একটি অর্থ। এটি পলিসির মূল ফেস অ্যামাউন্টের সাথে অতিরিক্ত অর্থ হিসাবে যুক্ত হয় এবং তা পলিসির মেয়াদপূর্তিতে বীমাগ্রহীতা পেয়ে থাকেন, যদি বীমা গ্রহীতার মৃত্যু হয়, তাহলে তার সুবিধাগ্রাহীকে সেই অর্থ প্রদান করা হয়
- **পলিসি ল্যাপ্স:** বর্ধিত সময় (প্রদেয় তারিখ হতে ৩১ দিন পর্যন্ত) পেরিয়ে যাওয়ার পরও প্রিমিয়াম প্রদান করা না হলে এবং ন্যূনতম ক্যাশ ভ্যালু অর্জিত না হলে, পলিসি থেকে কোনো অর্থ অথবা সুবিধা পাওয়া যাবে না
- **পলিসি সারেন্ডার:** পলিসি প্রথম দুই বছরের মধ্যে যেকোনো সময় প্রত্যর্পিত হলে, কোনো প্রত্যর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোনো সময় প্রত্যর্পণ করা হলে, বীমাগ্রহীতা বেসিক ক্যাশ ভ্যালু ও রিভার্শনারি বোনাসের ক্যাশ ভ্যালু পাবেন। তবে দুই বছর পর প্রত্যর্পণ করলেও পলিসির প্রত্যর্পণ মূল্য জমাকৃত প্রিমিয়ামের চেয়ে কম হতে পারে
- **আন্ডাররাইটিং নীতিমালা:** কোম্পানির বিদ্যমান অবলিখন নীতিমালা প্রযোজ্য হবে

## আমি কি এই পলিসিটি ক্রয়ের জন্য উপযুক্ত?

বীমাকারীর বয়স যদি ৩০ দিন থেকে ৫৫ বছরের মধ্যে হয় (৩০ বছর মেয়াদি পলিসির ক্ষেত্রে সর্বোচ্চ ৫০ বছর), তবে বীমাকারী এই পলিসি ক্রয়ের জন্য উপযুক্ত।

## আমি এই পলিসি কীভাবে কিনতে পারি?

আপনি নিকটস্থ মেটলাইফ এজেন্সি অফিসে গিয়ে ফিনান্সিয়াল অ্যাসোসিয়েটের সঙ্গে পরামর্শ করতে পারেন অথবা আপনার আগ্রহের ব্যাপারে আমাদের ওয়েবসাইটে www.metlife.com.bd/find-agent/ গিয়ে জানাতে পারেন। পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসমূহ দাখিল করে প্রথম প্রিমিয়াম জমা দিন। এটা খুবই সহজ একটি প্রক্রিয়া।

## কীভাবে আমি প্রিমিয়ামের অর্থ পরিশোধ করবো?

আপনি যদি এই পলিসিতে আগ্রহী হয়ে থাকেন, তবে অনুগ্রহ করে আবেদন ফরম পূরণ করে প্রথম প্রিমিয়ামের অর্থ পরিশোধ করুন। পরবর্তী প্রিমিয়াম পরিশোধের জন্য প্রিমিয়াম পেমেন্টের মাধ্যমগুলো সম্পর্কে বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট (www.metlife.com.bd/support/pay-premium-home/) ভিজিট করুন।

## এই পলিসির অধীনে কীভাবে বীমা দাবি করা যায়?

- মেটলাইফ গ্রাহকগণ এখন আমাদের কাস্টমার টাচ পয়েন্ট/সেলস অফিস সহ অনলাইনেও ক্লেইম সাবমিট করতে পারবেন। অনলাইনে ক্লেইম সাবমিট করতে এই লিংকে https://eclaims.metlife.com.bd/public/online/individual-claim-submission ভিজিট করুন

- ক্লেইম সম্পর্কিত ফরম এবং প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা আমাদের ওয়েবসাইটে পাবেন- (https://www.metlife.com.bd/claims/required-documents/)

- আপনার পূরণ করা দাবি ফরমটি প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে পারেন: ক্লেইমস বিভাগ, আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি (মেটলাইফ বাংলাদেশ), মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ ঢাকা-১০০০, বাংলাদেশ। অথবা আপনি আমাদের নিকটস্থ কাস্টমার টাচ পয়েন্ট/সেলস অফিসে আপনার পুরণকৃত বীমা ফরমটি জমা দিতে পারেন

- ই-মেইল করতে পারেন- claimsbangladesh@metlife.com.bd

## গুরুত্বপূর্ণ তথ্য

- মেটলাইফ এনডাওমেন্ট এর গ্রোথ সংস্করণটি শুধু উচ্চ রিস্ক-রিটার্নের চাহিদা সম্পন্ন আবেদনকারীদের জন্য প্রযোজ্য। এই ধরনের বীমাসমূহ অধিক মেয়াদপূর্তি মূল্যের সুযোগ সৃষ্টি করে, তবে এখানে ঝুঁকির পরিমাণও বেশি - বিশেষ করে যদি আপনি যথাসময়ের পূর্বে বীমা প্রত্যাহার করেন, তবে হয়তো বিনিয়োগের চাইতে কম অংশ ফেরত পেতে পারেন

- মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ ফান্ডের একটি অংশ শেয়ার বাজারে বিনিয়োগ করা হবে। পরিবর্তনশীল মার্কেট পারফরম্যান্স-এর উপর ভিত্তি করে বোনাসের হার কমতে, বাড়তে অথবা অপরিবর্তিত থাকতে পারে এবং এটি গ্যারান্টিড নয়। মেটলাইফ মার্কেট পারফরম্যান্স-এর উপর নির্ভর করে ফান্ডে বিনিয়োগের অধিকার সংরক্ষণ করবে

- রিভার্সনারি বোনাস গ্যারান্টিড, যদি মেটলাইফ কর্তৃক ঘোষণা করা হয়। তবে টার্মিনাল বোনাস গ্যারান্টিড নয় এবং শুধুমাত্র মেয়াদপূর্তিতে অথবা মৃত্যু দাবির ক্ষেত্রে প্রদেয়

- অনুগ্রহ করে লক্ষ্য করুন, মেটলাইফ এনডাওমেন্ট - গ্রোথ এবং মেটলাইফ এনডাওমেন্ট - সিকিউর পলিসির ক্ষেত্রে প্রতি ১,০০০ টাকা ফেস অ্যামাউন্ট-এর জন্য প্রযোজ্য বোনাসের হার ব্যবহার করে প্রক্ষেপিত সুবিধার পরিমাণ বেসিক ফেস অ্যামাউন্ট-এর উপর গণনা করা হয়

- বোনাসের হার পার্টিসিপেটিং লাইফ ফান্ড-এর ইনভেস্টমেন্ট পারফরম্যান্স-এর উচ্চ এবং নিম্ন সীমার প্রতিনিধিত্ব করে না এবং প্রকৃত পরিশোধকৃত প্রিমিয়াম থেকে উপার্জিত রিটার্ন নয়

- বোনাসের হার গ্যারান্টিড নয় এবং বোনাসের হার পরিবর্তিত হতে পারে, যা প্রক্ষেপিত সুবিধার পরিমাণকে প্রভাবিত করে। সেই সাথে প্রক্ষেপিত সুবিধার পরিমাণ গ্রহণকৃত প্রকৃত সুবিধার পরিমাণকে নির্দেশ করে না
- আপনি যদি পলিসি সারেন্ডার করেন, তবে প্রথম ২ বছরের মধ্যে কোন ক্যাশ সারেন্ডার ভ্যালু পাবেন না। মেয়াদপূর্তির পূর্বে যদি পলিসি সারেন্ডার হয়, তবে সারেন্ডার ভ্যালু প্রদত্ত প্রিমিয়ামের মোট পরিমাণের চেয়ে কম হবে। পলিসি শুরুর প্রথম বছরগুলোতে এই পার্থক্যটি হবে আরও বেশি
- উল্লিখিত বোনাসে রিভার্সনারি এবং টার্মিনাল - উভয় বোনাসই অন্তর্ভুক্ত

## পার্টিসিপেটিং পলিসি কী?

একটি পার্টিসিপেটিং পলিসি, একজন গ্রাহককে পার্টিসিপেটিং লাইফ ফান্ড-এর লাভের অংশ পেতে সহায়তা করে। পলিসিতে বোনাস যোগ করার মাধ্যমে লভ্যাংশ প্রদান করা হয়। এই বোনাসসমূহ গ্যারান্টিড নয় এবং পার্টিসিপেটিং লাইফ ফান্ড-এর অপারেটিং এবং বিনিয়োগ পার্ফরম্যান্স-কে প্রতিফলিত করার মাধ্যমে কমতে (অথবা বাড়তে) পারে।

## এই পলিসিতে প্রদেয় বিভিন্ন প্রকার বোনাসসমূহ কী কী?

**রিভার্সনারি বোনাস:** এটি একটি নন-গ্যারান্টিড বোনাস, যা সাধারণত প্রতি বছর পার্টিসিপেটিং পলিসির ফেস অ্যামাউন্ট-এ বরাদ্দ এবং যোগ করা হয়। একবার বরাদ্দ করা হয়ে গেলে এই বোনাসের মূল্য গ্যারান্টিড, যদি গ্রাহক চুক্তিতে বর্ণিত প্রিমিয়াম প্রদান অব্যাহত রাখেন; কিন্তু, যদি পলিসিটি সারেন্ডার করতে চান, তবে তিনি বরাদ্দকৃত বোনাসের সম্পূর্ণটুকু না-ও পেতে পারেন। সারেন্ডার এর ক্ষেত্রে, প্রদেয় সারেন্ডার ভ্যালুর বোনাস উল্লেখযোগ্যভাবে কম হতে পারে সেই সকল পলিসির তুলনায়, যেগুলোর মেয়াদপূর্তি হবে অথবা গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রেই প্রদেয় হবে।

**টার্মিনাল বোনাস:** এটি একটি নন-গ্যারান্টিড বোনাস, যা পলিসির মেয়াদ শেষে, অর্থাৎ শুধুমাত্র মেয়াদপূর্তিতে অথবা গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রেই প্রদেয় হতে পারে যদি পলিসিটি চালু থাকে এবং কোনও প্রিমিয়াম বকেয়া না থাকে। টার্মিনাল বোনাস-এর কোনও সারেন্ডার ভ্যালু থাকে না এবং এক্ষেত্রে পূর্বে ঘোষিত বোনাস, পরবর্তীতে ঘোষিত বোনাসের উপর কোনো এনটাইটেলমেন্ট গঠন করে না।

## বোনাসসমূহ কীভাবে নির্ধারণ করা হয়?

- এই নন-গ্যারান্টিড বোনাসসমূহ পার্টিসিপেটিং লাইফ ফান্ড-এর প্রকৃত অপারেটিং এবং বিনিয়োগের পারফরম্যান্সের উপর ভিত্তি করে কোম্পানি কর্তৃক নির্ধারিত হয়
- উদাহরণস্বরূপ, বিনিয়োগসমূহ যদি বিগত বছরগুলোতে ভালোভাবে পারফর্ম করে, কোম্পানি হয়তো বেশি বোনাস দিতে সক্ষম হবে। কিন্তু যদি বিনিয়োগসমূহ ভালোভাবে পারফর্ম না করে, কোম্পানি হয়তো বোনাসের পরিমাণ কম দিতে পারে, অথবা কোন বোনাস-ই হয়তো দিতে পারবে না

- আরও লক্ষ্য করতে হবে যে, গ্রাহক কর্তৃক গৃহীত বোনাসসমূহকে প্রভাবিত করার ক্ষেত্রে বিনিয়োগ পারফর্ম্যান্স-ই একমাত্র বিষয় না; অন্যান্য বিষয়, যেমন সরাসরি বিতরণ খরচ মেটানোর ব্যয়, এজেন্সি সম্পর্কিত ব্যয় এবং কোম্পানির ব্যয়, এবং সেইসাথে ফান্ডে মৃত্যু এবং অক্ষমতা দাবির প্রকৃত দাবির পরিমাণও গ্রাহক কর্তৃক গ্রহণকৃত বোনাসকে প্রভাবিত করবে
- পার্টিসিপেটিং লাইফ ফান্ড-এর প্রকৃত অপারেটিং পারফরম্যান্স-এর পাশাপাশি যদি ভবিষ্যতে প্রত্যাশিত বিনিয়োগের পরিস্থিতি বা পার্টিসিপেটিং লাইফ ফান্ড-এর অপারেটিং অবস্থার ক্রমাগত অবনতি ঘটে, তবে ফান্ডের দীর্ঘমেয়াদি স্থায়িত্ব বজায় রাখার জন্য বোনাসমূহের সামঞ্জস্য করা যেতে পারে
- পার্টিসিপেটিং পলিসি সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য আপনি আপনার ফিনান্সিয়াল অ্যাসোসিয়েট-এর সাথে আলোচনা করুন অথবা কোম্পানির সাথে সরাসরি যোগাযোগ করুন
- এই ডকুমেন্ট শুধুমাত্র আপনাকে সাধারণ তথ্য জানানোর জন্য তৈরি করা হয়েছে, এতে সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে সামগ্রিক তথ্য নেই

## দায় অস্বীকারমূলক বিবৃতি

- এই পলিসিটি আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ('মেটলাইফ') কর্তৃক অবলিখিত এবং সর্বদা পলিসিতে বর্ণিত শর্তাদি ও শর্তাবলির অধীনে থাকে
- এই পুস্তিকার তথ্যসমূহ গ্রাহকদের শুধুমাত্র সাধারণ ধারণা প্রদানের জন্য এবং পুস্তিকায় প্রদর্শিত মূল্যসমূহ শুধুমাত্র উদাহরণস্বরূপ ব্যবহার করা হয়েছে। শর্তাদি, শর্তাবলি ও ব্যতিক্রমসমূহ বিস্তারিতভাবে বীমা চুক্তিপত্রে অন্তর্ভুক্ত আছে
- এই পুস্তিকার তথ্য এবং বীমা চুক্তিপত্রের মধ্যে যেকোনো অসামঞ্জস্যতার ক্ষেত্রে, বীমা চুক্তিপত্রটি চূড়ান্ত বলে গণ্য হবে
- এই পলিসিটি যুক্তরাষ্ট্রে পাওয়া যাবে না বা যুক্তরাষ্ট্রের ব্যক্তিদের জন্য প্রযোজ্য নয়; এই বক্তব্যের প্রেক্ষিতে একজন যুক্তরাষ্ট্রের ব্যক্তি বলতে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক বা যুক্তরাষ্ট্রে বসবাসকারী ব্যক্তি (যুক্তরাষ্ট্রের বাইরে বসবাসকারী যুক্তরাষ্ট্রের একজন স্থায়ী বাসিন্দাও এর অন্তর্ভুক্ত), যুক্তরাষ্ট্রের অংশীদারি প্রতিষ্ঠান এবং এমন কোন ট্রাস্ট যা যুক্তরাষ্ট্রের এক বা একাধিক ব্যক্তি কর্তৃক নিয়ন্ত্রিত এবং যা যুক্তরাষ্ট্রের আদালতের তদারকির আওতাভুক্ত
- যেখানেই ব্যবহৃত হোক 'রাইডার' শব্দটি বলতে যেকোনো সম্পূরক চুক্তি (সমূহ)-কে বুঝাবে এবং অন্তর্ভুক্ত করবে, যা মূল পলিসির সাথে সংযুক্ত। রাইডার স্বতন্ত্র কোন পণ্য নয় এবং এটি সক্রিয় করতে একটি মূল পলিসির (মূল পলিসির তথ্য/তালিকা মেটলাইফ ফিনান্সিয়াল অ্যাসোসিয়েটদের কাছে পাওয়া যাবে এবং আবশ্যিক মূল পলিসি (সমূহ) মেটলাইফ কর্তৃক নির্ধারিত হবে) প্রয়োজন হয়। মূল পলিসির সাথে সংযুক্ত রাইডার (যদি থাকে), মূল পলিসির এবং/অথবা রাইডার মেয়াদপূর্তি হওয়ার তারিখ বা প্রিমিয়াম প্রদানের মেয়াদের শেষে, যেটি আগে হয়, স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে

# মেটলাইফ

MetLife, Inc. (NYSE: MET), এর অঙ্গ প্রতিষ্ঠান এবং সহযোগী প্রতিষ্ঠান ("MetLife") এর সমন্বয়ে বিশ্বের অন্যতম একটি আর্থিক সেবা প্রদানকারী কোম্পানি, যা তার ব্যক্তি এবং প্রাতিষ্ঠানিক গ্রাহকদের বীমা, অ্যানুইটি, গ্রুপ বীমা ও সম্পদ ব্যবস্থাপনা সেবা প্রদানের মাধ্যমে পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। ১৮৬৮ সালে প্রতিষ্ঠিত মেটলাইফ বিশ্বের ৪০ টিরও বেশি দেশে কার্যক্রম পরিচালনা করছে এবং যুক্তরাষ্ট্র, জাপান, লাতিন আমেরিকা, এশিয়া, ইউরোপ ও মধ্যপ্রাচ্যের বাজারে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। আরো তথ্যের জন্য, www.metlife.com দেখুন।

বাংলাদেশে মেটলাইফ ১৯৯৭ সাল থেকে শীর্ষস্থানীয় জীবনবীমাকারী। কোম্পানিটি বাংলাদেশে ১০ লাখেরও বেশি স্বতন্ত্র গ্রাহক এবং ৮০০-র ও বেশি প্রাতিষ্ঠানিক গ্রাহককে সেবা প্রদান করে চলেছে।

মেটলাইফ বাংলাদেশের জনগণকে উদ্ভাবনীমূলক, গ্রাহক কেন্দ্রিক পণ্য, যেমন: ব্যক্তিগত ও গোষ্ঠী জীবনবীমা, পেনশন স্কিম, শিশুদের জন্য শিক্ষা বীমা, শরীয়াহ ভিত্তিক (তাকাফুল) বীমা স্কিম এবং দুর্ঘটনা ও স্বাস্থ্য বীমা পণ্যের মাধ্যমে আর্থিক সুরক্ষা প্রদান করে। এই সমাধানগুলি গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদা অনুসারে ডিজাইন করা হয়েছে।

নেতৃস্থানীয় জীবনবীমা কোম্পানি হিসেবে মেটলাইফ দেশের বীমা খাত, অর্থনীতি এবং সম্প্রদায়ে ইতিবাচকভাবে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ। মেটলাইফ বাংলাদেশের অন্যতম বৃহৎ কর প্রদানকারী প্রতিষ্ঠান এবং সর্বোচ্চ 'AAA' ক্রেডিট রেটিং অর্জনকারী প্রতিষ্ঠান।


হটলাইন: ১৬৩৪৪ অথবা ০৯৬৬৬৭১৬৩৪৪

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৮৬৮২

www.metlife.com.bd

american.life@metlife.com.bd

আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি, মেটলাইফ বিল্ডিং, ১৮-২০ মতিঝিল বা/এ, পি.ও বক্স ৯, ঢাকা-১০০০, বাংলাদেশ।


আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি যুক্তরাষ্ট্রে লিমিটেড কোম্পানি হিসেবে নিগমিত।

মেটলাইফের সকল আপডেট পেতে এই মাধ্যমগুলিতেও আমাদের সাথে থাকুন :


AS/2024/07/001/Endowment Groth/JP-15,000